দৈনিক সংবাদ

তারিখ 05 APR 1993
পৃষ্ঠা ১ কলাম ৫

### ছাত্রী হলের নামকরণ নিয়ে নানামত

# প্রধানমন্ত্রী চট্টগ্রাম ভার্সিটি সফরে যাবেন বুধবার

।। জসীম চৌধুরী সবুজ ।।

চট্টগ্রাম, ৪ঠা এপ্রিল।—প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আসছেন আগামী ৭ই এপ্রিল। তিনি ঐদিন ইনস্টিটিউট অব ফরেস্ট্রির 'ফরেস্ট্রি কমপ্লেক্স'-এর আনুষ্ঠানিক উদ্বোধন ও ছাত্রীদের জন্য দ্বিতীয় হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রস্তুতিমূলক তৎপরতা চালিয়ে যাচ্ছেন।

প্রধানমন্ত্রীর বিশ্ববিদ্যালয়ে এটা প্রথম সফর। ঢাকা থেকে হেলিকপ্টারে তিনি ক্যাম্পাসে যাবেন। সেজন্যে জরুরীভিত্তিতে ক্যাম্পাস এলাকায় দু'টি হেলিপ্যাড নির্মাণ করা হয়েছে। দুপুরে উপাচার্য ভবনে মধ্যাহ্ন

প্রধানমন্ত্রী : পৃঃ ৮ কঃ ৫

## প্রধানমন্ত্রী : চট্টগ্রাম যাবেন বুধবার

( ১ম পৃষ্ঠার পর )

ভোজ ও বিশ্রামের কর্মসূচী রয়েছে। প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে ছাত্র-শিক্ষকদের মধ্যে প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে। সর্বদলীয় ছাত্রঐক্য, চাকসু ও শামসুন্নাহার হল ছাত্রী সংসদ দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছিলেন বৃটিশবিরোধী আন্দোলনের বীরযোদ্ধা চট্টগ্রামের অগ্নিকন্যা প্রীতিলতার নামে নতুন মহিলা হল নির্মাণের। কিন্তু ইসলামী ছাত্রশিবির ও জাতীয়তাবাদী শিক্ষক পরিষদ সে দাবির বিরোধিতা করে আসছে। নতুন ছাত্রীহল নির্মাণের সিদ্ধান্ত হওয়ার পর সিন্ডিকেট সভায় এর নামকরণ নিয়ে একবার আলোচনা হয়েছিল। সেখানে শিবিরের প্রস্তাবিত 'নওয়াব ফয়জুন্নেসা হল' নামকরণের জন্য কিছুসংখ্যক সদস্য জোরাজোরি করলে অন্যদের আপত্তির মুখে কোন সিদ্ধান্ত ছাড়াই আলোচনাটি মুলতবি হয়ে যায়। এরপর সিন্ডিকেটের বৈঠকে আলোচনাটি আর উত্থাপিত হয়নি।

শামসুন্নাহার হল ছাত্রী সংসদের সাধারণ সম্পাদিকা রুবানা কাফি ঝর্ণা এক বিবৃতিতে বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রীতিলতার নামই সহ্য করতে পারছেন না বলে জামাত-শিবিরের প্রস্তাবকে বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। বিশ্ববিদ্যালয়ের শতকরা আশি ভাগ ছাত্রছাত্রী ও শিক্ষকের দাবি অনুযায়ী নতুন ছাত্রীহলের নাম প্রীতিলতার নামে ঘোষণা করা না হলে প্রধানমন্ত্রীর আগমনের পূর্বেই আন্দোলন গড়ে তোলা হবে বলে তিনি জানান।

চাকসু'র সহ-সভাপতি মোহাম্মদ নাজিমউদ্দিন (যিনি সম্প্রতি ছাত্রদলে যোগ দিয়েছেন এবং সুগন্ধায় তার যোগদান অনুষ্ঠানে উপ-উপাচার্য বদিউল আলমও উপস্থিত ছিলেন) 'সংবাদ'-কে জানান, প্রীতিলতার নামে নতুন হলের নাম হোক এটা অধিকাংশ ছাত্রছাত্রী ও শিক্ষকদের মত তারাও চান। তবে শিবিরের চাপের মুখে প্রশাসন এটা করছেন না।

এ ব্যাপারে উপাচার্য অধ্যাপক আর, আই চৌধুরীর কাছে জানতে চাইলে তিনি বলেন, আগে হলটি নির্মাণ করা হোক, তারপর নাম। নামকরণ নিয়ে সিন্ডিকেটে আলোচনার প্রসঙ্গে তিনি বলেন, প্রীতিলতা ও নওয়াব ফয়জুন্নেসার নাম ছাড়াও বিকল্প প্রস্তাব হিসেবে বেগম রোকেয়া ও তাপসী রাবেয়ার নাম রয়েছে। সিন্ডিকেট এ ব্যাপারে সিদ্ধান্ত নেবে।

প্রধানমন্ত্রীর আগমনে শিক্ষক সমিতি তাদের প্রতিক্রিয়া ব্যক্ত করার জন্য আগামীকাল সোমবার একটি সাংবাদিক সম্মেলন আহ্বান করেছেন।